

রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - বেলায়াতের পথে যিকরের সাথে রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ছ. যিকরের জন্য আদব - (৮) উচ্চারণ ও শ্রবণ

শরীয়ত সম্মত বা মাসনূন যিকর, সালাতের মধ্যে বা সালাতের বাইরে সকল প্রকার যিকরের ক্ষেত্রেই মূলনীতি যে, তা স্পষ্ট জিহ্বা দ্বারা এভাবে উচ্চারণ করতে হবে যে, উচ্চারণকারী কোনো সমস্যা বা অসুবিধা না থাকলে তার নিজের উচ্চারণ শুনতে পাবেন। এইভাবে নিজে শুনার মতো করে জিহ্বা দ্বারা উচ্চারণ করা না হলে তা যিকর বলে গণ্য হবে না। তবে মনের স্মরণ, তাফাক্কুর বা ফিকিরের কথা ভিন্ন।[1]

ফুটনোট

[1] নাবাবী, আল-আযকার, পৃ. ৩৫, ইবনুল জাযারী, শাওকানী, তুহফাতুয যাকিরীন, হিসন হাসীন পৃ. ৩২-৩৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8790

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন